

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৪১.০৯৩.০১০.০০.০০২.২০১৩ (অংশ-২)-২৭৬

তারিখঃ ০৯.১১.২০১৬খ্রিঃ

বিষয়ঃ 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৬' বাস্তবায়ন।


সূত্র: ১. স্বাপকম স্মারক নং-৪৫.১৪১.০৯৩.০১০.০০.০০২.২০১৩ (অংশ-২)-২৭৬, তারিখঃ ০৯.১১.২০১৬খ্রিঃ।

২. মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৮৩১.৯৯০০৬.১৬.২৬১, তারিখ: ২৭ অক্টোবর ২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ৯ জুলাই ২০১৬ তারিখে সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৬' জারি করা হয়। উক্ত নির্দেশিকার আলোকে ০৫ নভেম্বর ২০১৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয়, আওতাধীন অধিদপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের দপ্তরসমূহের সঠিক ফেসবুক পেজের লিংক নিজ নিজ ওয়েব পোর্টালের 'সামাজিক যোগাযোগ' সাব-মেনুতে সংযুক্ত করা এবং একই সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয়, আওতাধীন অধিদপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের দপ্তরসমূহের দপ্তর ভিত্তিক সকল লিংকসমূহ একত্রিত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে।

০২। ইতোপূর্বে সূত্রোক্ত ১ নং স্মারকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে নিজ এবং আওতাধীন সকল অফিসের প্রশিক্ষণ কারিকুলামে ইনোভেশন সংক্রান্ত বিষয় মূল কোর্সে অন্তর্ভুক্তিসহ সকল অফিসের জন্য ফেসবুক পেজ তৈরীর এবং এবিষয়ে জরুরি ভিত্তিতে প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখায় প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলেও অদ্যাবধি কোন প্রতিবেদন না পাওয়ায় পরবর্তী কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়নি।

০৩। এমতাবস্থায়, অধিদপ্তর/দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের দপ্তরসমূহের সঠিক ফেসবুক পেজের লিংক নিজ নিজ ওয়েব পোর্টালের 'সামাজিক যোগাযোগ' সাব-মেনুতে সংযুক্ত করা এবং একই সংশ্লিষ্ট তীর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের দপ্তরসমূহের দপ্তর ভিত্তিক সকল লিংকসমূহ একত্রিত করে ই-মেইলে (monitor@mohfw.gov.bd), (mohfw.monitor@gmail.com) আবশ্যিকভাবে আগামী ০২ (দুই) কার্যদিবসের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।


(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@mohfw.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/ঔষধ প্রশাসন) অধিদপ্তর, ঢাকা।
২. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, আনসারী ভবন, ঢাকা।
৩. যুগ্মসচিব/যুগ্মপ্রধান (মানব সম্পদ ব্যবস্থাপনা ইউনিট/পরিকল্পনা অনুবিভাগ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. উপসচিব (প্রশাসন-১) অধিশাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২) শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা।
৭. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৮. পরিচালক, সেবা পরিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৯. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. অতিরিক্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা/পরিবার কল্যাণ ও কার্যক্রম/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য/প্রশাসন/হাসপাতাল/শুষ্কলা ও নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।